ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩০৭৬

কৈলাসহর, ২৬ সেপ্টেম্বর, ২০২৫

**কৈলাসহরে বিদ্যাসাগর জন্মজয়ন্তী পালিত**

তথ্য ও সংস্কৃতি দপ্তর ও বিদ্যালয় শিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে আজ কৈলাসহরের ঊনকোটি কলাক্ষেত্রে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মজয়ন্তী উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায়। সভাপতিত্ব করেন বিদ্যালয় শিক্ষা দপ্তরের ওএসডি বেনীমাধব চক্রবর্তী। স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা বিশ্বজীৎ দেব। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন রামকৃষ্ণ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক অসীম চক্রবর্তী। অনুষ্ঠানে উপস্থিত অতিথিগণ বিদ্যাসাগরের জীবনী ও দর্শন নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানের শুরুতে উপস্থিত অতিথিগণ বিদ্যাসাগরের প্রতিকৃতিতে পুস্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জানান। অনুষ্ঠানে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে ক্যুইজ প্রতিযোগিতারও আয়োজন করা হয়। এই অনুষ্ঠানের অঙ্গ হিসেবে গত ২৪ সেপ্টেম্বর স্থানীয় ঊনকোটি কলাক্ষেত্রে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়। অনুষ্ঠান শেষে আজ বসে আঁকো প্রতিযোগিতায় বিজয়ীদের ও ক্যুইজ প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়।

*****